

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কালীগঞ্জ, গাজীপুর।
usso.kaliganjgazipur@dss.gov.bd

স্মারক নম্বর : ৪১.০১.৩৩৩৪.০০০.১৬.০০৪.২৬.১৭১

তারিখঃ ২২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ফ্যামিলি কার্ড শুমারি (খানা তথ্য ভান্ডার)-২০২৬ এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সম্পর্কিত ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ফলাফল প্রকাশ।

সূত্র-১: স্মারক নম্বর: ০৫.৪১.৩৩৩৪.০০০.০১.০০৭.২৪.৬৭৪ তারিখ: ২১ জুলাই ২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'ফ্যামিলি কার্ড কর্মসূচি'র সফল বাস্তবায়নের জন্য খানা তথ্যভান্ডার এর নির্ভুল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা- ২০২৬" এবং সর্বশেষ জারিকৃত পরিপত্রের শর্ত মোতাবেক গাজীপুর জেলাধীন কালীগঞ্জ উপজেলার ০৭ টি ইউনিয়ন ও ০১ টি পৌরসভার আবেদনকারীদের শিক্ষা সনদ ও অন্যান্য তথ্যের প্রাথমিক যাচাই-বাছাই এবং ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সেচ্ছাসেবী হিসেবে "তথ্য সংগ্রহকারী" ও "সুপারভাইজার" পদে প্রাথমিকভাবে নির্বাচিত, রিজার্ভ ও অপেক্ষমান প্রার্থীগণের তালিকা প্রকাশ করা হলো।

ক। নির্বাচিত ও রিজার্ভ তালিকায় থাকা প্রার্থীগণের জন্য শর্তাবলী নিম্নরূপ:
০১। এ মনোনয়ন সম্পূর্ণভাবে অস্থায়ী। কেবল ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডারের তথ্য সংগ্রহ-২০২৬ এর নির্ধারিত সময় পর্যন্ত বহাল থাকবে।

০২। তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার পদে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীকে এই শর্তে চূড়ান্তভাবে নিয়োজিত করা হবে যে, দাখিলকৃত কাগজপত্রাদি ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য সঠিক আছে।

০৩। কোন প্রার্থী ইচ্ছাকৃতভাবে আবেদনপত্রে ভুল/মিথ্যা তথ্য প্রদান করেছেন বা তথ্য গোপন/বিকৃত করেছেন বা দাখিলকৃত কাগজপত্র জালিয়াতি করেছেন বা গুরুতর ফৌজদারী অপরাধে অভিযুক্ত/দোষী সাব্যস্ত হয়েছেন মর্মে প্রমাণিত হলে, "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে এবং বিজ্ঞপ্তির শর্তানুযায়ী তার নিয়োজিতকরণ আদেশ তাৎক্ষণিকভাবে বাতিল, সম্মানী বাজেয়াপ্ত এবং প্রযোজ্যক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৪। চূড়ান্তভাবে নির্বাচিত তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ ও অন্যান্য বিষয়াদি "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা- ২০২৬ " এবং সরকার কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট পত্র, পরিপত্র ও নীতিমালা অনুসারে নিয়ন্ত্রিত হবে।

০৫। মনোনীত প্রার্থীদের (নির্বাচিত ও রিজার্ভ ) সকলকে আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে; প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

০৬। জরিপে সংগৃহীত পরিবারের তথ্যের গোপনীয়তা রক্ষা করা বাধ্যতামূলক; নির্দেশিকায় বর্ণিত শর্তসমূহ প্রতিপালনে ব্যত্যয় এর বিষয়টি প্রমানিত হলে তাৎক্ষণিকভাবে মনোনয়ন বাতিল, সম্মানী বাজেয়াপ্ত এবং প্রযোজ্যক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। জরিপ সমাপ্তান্তে সরকারি সকল ডিভাইস, গ্যাজেট ও আনুষাঙ্গিক উপকরণ বাধ্যতামূলকভাবে ফেরত প্রদান করতে হবে। ডিভাইস নষ্ট, হারালে বা চুরির ক্ষেত্রে সংশ্লিষ্ট (Enumerator) এর নিকট হতে ক্ষতিপূরণ আদায় করা হবে।

CamScanner

০৮। জরিপকার্যে নিয়োজিত হয়ে সংগৃহীত খানার তথ্যের সংখ্যার ভিত্তিতে (কর্তৃপক্ষ যদি সম্মানীর বরাদ্দ রাখে তবে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষে) সম্মানী প্রদান করা হবে। রিজার্ভ বা সংরক্ষিত গণনাকারীর ক্ষেত্রে নির্দেশিকায় উল্লেখিত বিধি-বিধান প্রযোজ্য হবে। জরিপ সমাপ্ত না হওয়া পর্যন্ত বা বরাদ্দ না পাওয়া পর্যন্ত সম্মানী দাবী করা যাবে না।

০৯। তথ্য সংগ্রহের জন্য দৈনিক ০৮ (আট) ঘন্টা হারে নির্দিষ্ট এলাকায় গমন ও সঠিক তথ্য সংগ্রহের জন্যই কেবল মনোনয়ন বহাল থাকবে। নিজের ডিভাইস অন্যের নিকট হস্তান্তর সম্পূর্ণভাবে নিষিদ্ধ; কোন পর্যায়ে বিধি বহির্ভূত কোন কার্যক্রম পরিচালনা করা হলে সকল প্রকার মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে প্রতিস্থাপন করা হবে।

১০। নিয়োজিত সকল তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার উভয় পদে প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা কমিটি কর্তৃক মনোনীত যে কোন ইউনিয়ন বা পৌরসভার গণনা ইউনিটে দায়িত্ব পালন করতে হতে পারে; দায়িত্ব বিভাজন সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন পছন্দ দেওয়া যাবে না; দায়িত্ব পালনে অপারগ হলে তৎক্ষণাৎ মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে মনোনয়ন প্রদান করা হবে।

১১। জরিপকালে কোন খানা প্রধান বা পরিবারকে ফ্যামিলি কার্ডের প্রতিশ্রুতি দেওয়া, ভয়-ভীতি প্রদর্শন, মিথ্যা বা অসত্য তথ্য ইনপুট, আর্থিক বা অনৈতিক সুবিধা দাবী কঠোরভাবে নিষিদ্ধ; এ ধরণের কোন অভিযোগ পাওয়া মাত্রই মনোনয়ন বাতিলসহ কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। কর্তৃপক্ষ যে কোন ব্যাখ্যা ছাড়াই যে কোন সময়ে, যে কোন মনোনয়ন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং মাঠ পর্যায়ে নিয়োজন সংক্রান্ত বিষয়ে 'ফ্যামিলি কার্ড খানা-তথ্য সংগ্রহ উপজেলা কমিটি'র সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

খ। অপেক্ষমাণ তালিকায় থাকা প্রার্থীগণের জন্য শর্তাবলী নিম্নরূপ:

১. অপেক্ষমাণ তালিকায় থাকা মানেই মূল দায়িত্বে নিয়োজনের নিশ্চয়তা নয়; এটি কেবলমাত্র আপদকালীন বা বিশেষ জরুরী পরিস্থিতিতে ত্বরিৎ জনবল পদায়নের লক্ষ্যে প্রস্তুতকৃত সংরক্ষিত তালিকা মাত্র।

২. অপেক্ষমাণ তালিকা হতে সরাসরি নিয়োজনের সুযোগ নেই; তবে প্রযোজ্যক্ষেত্রে প্রশিক্ষণ সম্পন্ন সাপেক্ষে মূল জরিপে নিযুক্ত করা হতে পারে।

৩. অপেক্ষমাণ হতে প্রশিক্ষণ গ্রহণ ও নিয়োজন সাপেক্ষে খানা তথ্য সংগ্রহ কার্যক্রমে অংশগ্রহণ না করলে কোন সম্মানী/সুবিধাদি দাবী করা যাবে না।

৪. মূল তালিকায় মনোনীত কোন প্রার্থী শারিরীক অসুস্থতা, ব্যক্তিগত বা পারিবারিক কোন কারণে মাঠ পর্যায়ে খানার তথ্য সংগ্রহে অপারগ হলেই কেবল রিজার্ভ বা সংরক্ষিত প্রার্থীদেরকে তদ্‌স্থলে প্রতিস্থাপন করা হবে। প্রাথমিকভাবে মনোনীত প্রার্থীদের স্থলে সংরক্ষিত তালিকার প্রার্থীদের পদায়ন করা হবে; মূল প্রার্থী ও সংরক্ষিত উভয় ধরণের প্রার্থীদের চূড়ান্ত পদায়ন সম্পন্ন হওয়ার পরে অতিরিক্ত কোন গণণাকারী পদায়নের প্রয়োজন হলে তখনই কেবল অপেক্ষমাণ তালিকা হতে প্রশিক্ষণ শেষে খানা তথ্য সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে নিযুক্ত করা যেতে পারে।

৫. অপেক্ষমাণ তালিকা হতে মাঠে পদায়নের সকল বিষয়ে সংশ্লিষ্ট কমিটি যাবতীয় সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।
প্রকাশিত ফলাফল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট (www.kaliganj.gazipur.gov.bd) এবং উপজেলা সমাজসেবা কার্যালয়ের ওয়েবসাইট (www.dss.kaliganj.gazipur.gov.bd) এবং নোটিশ বোর্ড পাওয়া যাবে।

০৮/০৩/২০২৬

আফরোজা বেগম
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
কালীগঞ্জ, গাজীপুর।

CS CamScanner

স্মারক নম্বর : ৪১.০১.৩৩৩৪.০০০.১৬.০০৪.২৬.১৭১(১৩)

তারিখঃ ২২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, গাজীপুর-৫ (১৯৮), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা
২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়
৩। পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা
৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
৬। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর ও সভাপতি, ফ্যামিলি কার্ড শুমারি সংক্রান্ত উপজেলা কমিটি, কালীগঞ্জ, গাজীপুর
৭। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গাজীপুর
৮। প্রশাসক, কালীগঞ্জ উপজেলা পরিষদ/কালীগঞ্জ পৌরসভা, কালীগঞ্জ, গাজীপুর
৯। সদস্য.......................................... ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, কালীগঞ্জ, গাজীপুর
১০। উপজেলা............................................. কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর
১১। পৌর নির্বাহী কর্মকর্তা/ কর্ম সম্পাদনে সহায়ক কমিটির সদস্য, কালীগঞ্জ পৌরসভা, কালীগঞ্জ, গাজীপুর
১২। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/প্রশাসক ............................... ইউপি (সকল) কালীগঞ্জ, গাজীপুর
১৩। জনাব ......................................................... কালীগঞ্জ, গাজীপুর
১৪। অফিস নথি

০৬/০৮/২০২৬

(আফরোজা বেগম)
উপজেলা সমাজসেবা অফিসার
কালীগঞ্জ, গাজীপুর।

CamScanner